



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা



www.doict.gov.bd

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.২২.১০৫২

তারিখ: ৩০ কার্তিক ১৪২৯

১৫ নভেম্বর ২০২২

বিষয়: 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ এর নিবন্ধন বৃদ্ধিকরণের নিমিত্ত অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ডিসেম্বর ২০২২ তারিখে দেশব্যাপী ৬ষ্ঠ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদযাপিত হবে। ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উপলক্ষ্যে অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজনের www.quiz.digitalbangladesh.gov.bd পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত ০১ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ হতে ২৬ নভেম্বর ২০২২ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে নিবন্ধন এর সময়সীমা নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য যে, 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উপলক্ষ্যে আয়োজিত অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ এ ৮-১২ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোরগণ ক-গ্রুপে এবং ১৩-১৮ বছর বয়সী শিশু-কিশোরগণ খ-গ্রুপে এবং ১৯ থেকে তদুর্ধ্ব বয়সী বাংলাদেশী নাগরিকগণ গ-গ্রুপে অংশগ্রহণ করতে পারবেন। ০৩টি গ্রুপের (ক, খ ও গ) প্রত্যেকটিতে ৭ জন করে সর্বমোট ২১ জন বিজয়ীকে পুরস্কার হিসেবে ল্যাপটপ এবং স্মার্ট ফোন প্রদান করা হবে। ডিজিটাল বাংলাদেশ দিবস অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনাবলী www.quiz.digitalbangladesh.gov.bd, www.ictd.gov.bd এবং www.doict.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

এমতাবস্থায়, ডিজিটাল বাংলাদেশ দিবস অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ এর নিবন্ধন বৃদ্ধিকরণের নিমিত্ত মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ লিফলেট- ডিজিটাল বাংলাদেশ দিবস অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২

১৫-১১-২০২২

মোঃ মোস্তফা কামাল

মহাপরিচালক

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২

ইমেইল: dg@doict.gov.bd

বিতরণ (সদয় কার্যার্থে প্রেরণ করা হলো) : (জ্যেষ্ঠতার
ভিত্তিতে নয়)

- ১) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

৪) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা
অধিদপ্তর

৫) বিভাগীয় কমিশনার,

খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম

৬) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট

(এটুআই) প্রোগ্রাম (ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা

গ্রহণের অনুরোধসহ)

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.২২.১০৫২/১(৬)

তারিখ: ৩০ কার্তিক ১৪২৯

১৫ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয়
অবগতির জন্য)

২) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব
মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সিনিয়র
সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির
জন্য)

৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির
জন্য)

৬) অফিস কপি

১৫-১১-২০২২

মোঃ ফিরোজ সরকার

উপ-পরিচালক